

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
চুয়াডাঙ্গা পওর বিভাগ
বাপাউবো, চুয়াডাঙ্গা।
ফোনঃ ০২-৪৭৭৭৮৮৭০৪(অফিস)



www.bwdb.chuadanga.gov.bd

Office of the
Executive Engineer
Chuadanga O&M Division
BWDB, Chuadanga
Phone: 02-477788704 (Office)
e-mail: xen.chuadanga@gmail.com

স্মারক নং-ই-২/৮৫

তারিখঃ ২০/০৭/২০২২ খ্রি.

২০২২-২৩ অর্থবছরে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রম ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার (তালিকাভুক্তি/নবায়নের) বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'র অধীন চুয়াডাঙ্গা পওর বিভাগ এর আওতায় সীমিত দরপত্র পদ্ধতিতে বীধ মেসামত/পুনরাকৃতিকরন, খাল খনন/পুনঃখনন, কলোনী মেসামত ইত্যাদি কাজ ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়নের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩ (তিন) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ২৫ (পঁচিশ) লক্ষ টাকা পর্যন্ত পন্য সরবরাহের লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়ন করা হবে। এমতাবস্থায় অত্র দপ্তরের আওতায় উক্ত দরপত্রে অংশগ্রহণে ইচ্ছুক ঠিকাদারগণকে তালিকাভুক্তি/নবায়নের নিমিত্ত আবেদনপত্র আহবান করা হচ্ছে।

১) মন্ত্রণালয়	পানি সম্পদ মন্ত্রণালয়।
২) সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩) ক্রয়কারীর নাম	নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা।
৪) আবেদনকারীর যোগ্যতা	আবেদন ফরমে বিস্তারিত উল্লেখ আছে।
৫) আবেদন ফি	আবেদন ফরম ফি বাবদ ৫০০/- টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(র্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর)।
৬) আবেদনপত্র দাখিল	আবেদনপত্র নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা এর দপ্তরে দাখিল করতে হবে।
৭) আবেদনপত্র প্রাপ্তির স্থান	১ নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা এর দপ্তর (হিসাব শাখা)। ২ জনতা ব্যাংক লিমিটেড, বড়বাজার শাখা, চুয়াডাঙ্গা।
৮) আবেদন পত্র প্রাপ্তি ও জমা দেওয়ার শেষ তারিখ ও সময়	২৪/০৭/২০২২খ্রিঃ থেকে ২৫/০৮/২০২২খ্রিঃ পর্যন্ত। (ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ১০.৩০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তি করণ বিক্রম, গ্রহণ এবং নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।)

উল্লেখ্য যে, ২০২১-২২ অর্থবছরে অত্র দপ্তরে নিবন্ধিত ঠিকাদারগণকে ২০২২-২৩ অর্থবছরের জন্য নিবন্ধন নবায়নের জন্য অনুরোধ করা হলো। ২০২২-২৩ অর্থবছরে নিবন্ধন নবায়ন ব্যতিত ঠিকাদারগণ সীমিত দরপত্র পদ্ধতিতে আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না। ঠিকাদারের আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক প্রাথমিক তালিকা প্রকাশিত হওয়ার পর নিবন্ধন ফি বাবদ ৫০০০/- (টাকা পাচ হাজার মাত্র) এবং নবায়ন ফি বাবদ ২০০০/- (টাকা দুই হাজার মাত্র) (প্রযোজ্য ক্ষেত্রে) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাক), বাপাউবো, কুষ্টিয়া বরাবর অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং নির্ধারিত ফি এর ১৫% ভ্যাট চালানোর মূলকপি অত্র দপ্তরে দাখিল করতে হবে।

নির্বাহী প্রকৌশলী, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা যে কোন আবেদনকারীর আবেদন কোন কারণদর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

(আরিফ আহমেদ)

পরিচিতি নং-৯২০৭১২০০১

নির্বাহী প্রকৌশলী

স্মারক নং- ই-২/৮৫/১(২০)

তারিখঃ ২০/০৭/২০২২ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১) অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।
- ২) প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
- ৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুষ্টিয়া পওর সার্কেল, বাপাউবো, কুষ্টিয়া। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৪) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বেহল প্রচারিত একটি বাংলা ও একটি ইংরেজি জাতীয় দৈনিক এবং একটি স্থানীয় পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন-৭২ গ্রীণ রোড, ঢাকা। (তালিকাটি বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬) জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৭) পুলিশ সুপার, চুয়াডাঙ্গা। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৮) নির্বাহী প্রকৌশলী, সওজ/গণপূর্ত/এলজিইডি/জনস্বাস্থ্য/ইইডি/ওজোপাডিকো, চুয়াডাঙ্গা। (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
- ৯) উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র(র্যাক), বাপাউবো, কুষ্টিয়া।
- ১০) ব্যবস্থাপক, জনতা ব্যাংক, বড়বাজার শাখা, চুয়াডাঙ্গা। (৫০ পক্ষাংশ) কপি আবেদনপত্র উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র্যাক), বাপাউবো, কুষ্টিয়া এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে বিক্রয়ের জন্য এতদসঙ্গে অনুরোধসহ প্রেরণ করা হলো।)
- ১১) উপ-বিভাগীয় প্রকৌশলী, চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা পওর উপ-বিভাগ, বাপাউবো, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ১২) প্রাক্লিনিক/সহকারী হিসাব রক্ষক, চুয়াডাঙ্গা পওর বিভাগ, বাপাউবো, চুয়াডাঙ্গা।
- ১৩) অফিস কপি।

নির্বাহী প্রকৌশলী

চুয়াডাঙ্গা পওর বিভাগ

বাপাউবো, চুয়াডাঙ্গা।